দৈনিক সংবাদ

তারিখ ... 7-DEC 1990 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ১ ...

62

## শিক্ষা উপদেষ্টার প্রতি আবেদন

আমরা সরিষাবাড়ী কলেজের ১৯৮৮ সালের বিএ (পাস) পরীক্ষার পরীক্ষার্থী ছিলাম। আমরা ৫ই ডিসেম্বর তারিখে পরীক্ষা সমাপ্ত করেছিলাম। কিন্তু ২২শে ডিসেম্বর ১৯৮৮ তারিখে ইসলামিয়াত ২য় পত্র চলাকালে বহিরাগত কিছুসংখ্যক উচ্ছৃংখল যুবক এক অপ্রীতিকর ঘটনা ঘটায়। এর জের হিসেবে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরিষাবাড়ী কলেজের ১৯৮৮ সনের ডিগ্রী (পাস) পরীক্ষা এবং তদসঙ্গে পরীক্ষা কেন্দ্রও বাতিল করে। ফলে হাজার দুয়েক ছাত্রের জীবনে অমানিশার অন্ধকার নেমে আসে। তাদের ভাগ্য হয়ে পড়ে অনিশ্চিত। যে ঘটনার পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই কঠোর সিদ্ধান্ত গ্রহণ করলেন সেই ঘটনার সাথে পরীক্ষার্থী কিংবা ছাত্র কেউই জড়িত ছিল না। তবুও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্মম সিদ্ধান্তের শিকার হতে হয়েছে হাজার দুয়েক ছাত্রের।

এমতাবস্থায় মাননীয় শিক্ষা উপদেষ্টার প্রতি একান্ত আবেদন ছাত্রছাত্রীদের ভবিষ্যতের কথা চিন্তা করে এ ঘটনার সুষ্ঠু তদন্ত করা হোক এবং ফলাফল প্রকাশ করা হোক।

আশীষ কুমার দে,
সুখেন্দু সাহা ও নিবিড়,
সরিষাবাড়ী, জামালপুর।